

বিএএসএফ অভিযোগ প্রক্রিয়ার কার্যবিধি

হটলাইনে কারা যোগাযোগ করতে পারবেন ?

বিএএসএফ কর্মচারী এবং তৃতীয় পক্ষসহ সকল ব্যক্তি হটলাইনের মাধ্যমে যোগাযোগ করতে পারবেন।

আপনি কোন অভিযোগসমূহ জমা দিতে পারবেন?

হটলাইন একটি গোপনীয় চ্যানেল যার মাধ্যমে আপনি প্রশ্ন জিজ্ঞাসা করতে পারবেন এবং/ অথবা প্রকৃত বা সম্ভাব্য অসদাচরণ, প্রবিধান বা আইন লঙ্ঘন, বিএএসএফ নীতিমালা এবং বিএএসএফ গ্লোবাল কোড অফ কন্ডাক্ট সম্পর্কে উদ্বেগসমূহ রিপোর্ট করতে পারবেন।

আপনার প্রশ্ন বা উদ্বেগসমূহ আমাদের গ্লোবাল কোড অফ কন্ডাক্টের যে কোনও বিষয়ের সাথে সম্পর্কিত হতে পারে; যেমন পরিবেশ এবং মানবাধিকার সংক্রান্ত বিষয়, কোম্পানির সম্পত্তি পরিচালনা, অ্যান্টিট্রাস্ট আইন, দুর্নীতি, ঘুষ এবং ডেটা ও তথ্য সুরক্ষা ইত্যাদি।

আপনি কিভাবে হটলাইনে যোগাযোগ করতে পারবেন?

আপনি একটি টোল-ফ্রি টেলিফোন নম্বর বা ওয়েবসাইটের মাধ্যমে বিএএসএফ গ্লোবাল কমপ্লয়েন্স হটলাইনে যোগাযোগ করতে পারবেন। উল্লেখিত লিঙ্কের মাধ্যমে আপনি যে দেশ থেকে আমাদের সাথে যোগাযোগ করছেন তার জন্য নির্দিষ্ট টেলিফোন নম্বরটি খুঁজে পেতে পারেন: [EthicsPoint - BASF](#)। আপনি যদি ওয়েব ফর্মের মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করতে চান তবে এই লিঙ্কটি অনুসরণ করুন: [EthicsPoint - BASF](#)। এখানে আপনি মোবাইল ফোনের মাধ্যমে অ্যাক্সেসের জন্য একটি QR Code-ও পাবেন।

আপনার অভিযোগসমূহ কিভাবে পরিচালনা করা হবে এবং সময়সীমা কি?

আপনার কলটি কল সেন্টারের একজন প্রতিনিধি গ্রহণ করবেন। আপনার পছন্দসই ভাষা নির্বাচন করার পর, একটি স্বয়ংক্রিয় গাইড আপনাকে প্রক্রিয়াটিতে সহায়তা করবে। আপনার পছন্দের ভাষা খুঁজে না পাওয়া গেলে একজন অনুবাদক আপনাকে সহায়তা করার জন্য কলে যোগ দেবেন। আমাদের হটলাইনটি একটি সুপ্রতিষ্ঠিত টেলিফোন এবং ওয়েব-ভিত্তিক বাহ্যিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান দ্বারা পরিচালিত হয়। কলগুলো রেকর্ড করা হয় না এবং সর্বদা গোপনীয়তা নিশ্চিত করা হয়।

আপনি ওয়েব ফর্মের মাধ্যমে রিপোর্ট করলে সর্বোচ্চ ৪৮ ঘন্টার মধ্যে বিএএসএফ থেকে আপনাকে একটি প্রাপ্তি স্বীকারনামা দেয়া হবে। আপনার রিপোর্ট বা প্রশ্নের একটি ইলেকট্রনিক সারসংক্ষেপ শুধুমাত্র বিএএসএফ কমপ্লয়েন্স টিমের দায়িত্বপ্রাপ্ত সদস্যদের কাছে প্রেরণ করা হবে, যারা সেগুলো পর্যালোচনা

করবে এবং পরবর্তী পদক্ষেপ নির্ধারণ করবে। রিপোর্টের বিষয়বস্তুর উপর নির্ভর করে আইনি বিভাগ, এইচআর, কর্পোরেট নিরাপত্তা, কর্পোরেট অডিট, বা কর্পোরেট EHS -কে দায়িত্ব দেয়া হবে।

অতিরিক্ত তথ্যের জন্য আপনি দায়িত্বপ্রাপ্ত সদস্যদের সাথে আত্মপরিচয় গোপন করে যোগাযোগ করতে পারবেন। আপনার রিপোর্টটি কোন পর্যায়ে আছে তা জেনে নেয়া আপনার জন্য গুরুত্বপূর্ণ। এর জন্য, আপনি পুনরায় হটলাইনে কল করতে পারেন অথবা আপনার ওয়েব ফরমের রিপোর্ট নম্বর এবং পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটে সাইন ইন করতে পারেন। আমাদের তদন্তের ফলাফলের বিবরণ এবং গৃহীত পদক্ষেপসমূহ গোপন রাখা হয়।

তদন্তের দায়িত্বপ্রাপ্ত সদস্যরা সর্বোচ্চ দক্ষতার সাথে বিষয়গুলো পর্যালোচনা এবং সমাধান করে। তদন্তের বিষয়বস্তু সাপেক্ষে তদন্তের জন্য নির্ধারিত সময় ভিন্ন হতে পারে। বিএএসএফ সমস্ত বিষয়গুলি দ্রুত সমাধান করার চেষ্টা করে। কয়েক সপ্তাহ থেকে শুরু করে সর্বোচ্চ ৩ মাসের মধ্যে আপনাকে বিষয়টির স্থিতি সম্পর্কে আপনাকে অবহিত করা হবে। তদন্ত শেষ হওয়ার পরে, আপনাকে একটি নোটিফিকেশন প্রদান করা হবে।

আপনি কিভাবে নিজেকে প্রতিশোধমূলক প্রতিক্রিয়া থেকে রক্ষা করবেন?

সরল বিশ্বাসে যদি কেও উদ্বেগ রিপোর্ট করে বা তদন্তের সাথে জড়িত থাকে, তার বিরুদ্ধে বিএএসএফ কোনো প্রকার প্রতিশোধমূলক পদক্ষেপ সহ্য করবে না। এমনকি অভিযোগটি শেষ পর্যন্ত প্রমাণিত না হলেও কোনো নেতিবাচক প্রতিক্রিয়া গ্রহণ করা হবে না। বিএএসএফ-এ কোনো রকম প্রতিশোধমূলক পদক্ষেপ কঠোরভাবে নিষিদ্ধ এবং গুরুতর অসদাচরণ হিসাবে বিবেচিত হবে। আমাদের কোড অফ কন্ডাক্টে এটি অন্তর্ভুক্ত করা হয়েছে। অতএব, আপনি যদি কোনো উদ্বেগ রিপোর্ট করেন বা পরামর্শ চান আপনাকে কোনো রকম প্রতিশোধমূলক প্রতিক্রিয়ার ভয় পেতে হবে না।

বিএএসএফের সেসকল কর্মচারীরা তদন্ত পরিচালনার দায়িত্বে রয়েছেন, তারা তথ্যের গোপনীয়তা বজায় রাখার জন্য বিশেষভাবে প্রশিক্ষণপ্রাপ্ত। তথ্যের অ্যাক্সেস শুধুমাত্র সেসকল ব্যক্তিদের মধ্যে সীমাবদ্ধ যাদের তদন্ত পরিচালনার জন্য তথ্য জানা জরুরী। উপরন্তু, যারা তদন্ত পরিচালনা করেন তারা নিরপেক্ষ, তদন্ত পরিচালনায় স্বাধীন এবং গোপনীয়তা রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ।

আপনি কি আত্মপরিচয় গোপন রাখতে পারবেন?

আপনি আত্মপরিচয় গোপন করে আপনার উদ্বেগসমূহ রিপোর্ট করতে পারবেন। আপনি তদন্তটি অনুসরণ করতে চাইলে অথবা আরও তথ্য শেয়ার করতে চাইলে পুনরায় আমাদের সাথে যোগাযোগ করতে পারবেন এবং প্রয়োজনে আত্মপরিচয় গোপন রাখতে পারবেন।

নাম প্রকাশ না করেও আপনি আপনার ই-মেইল আইডি শেয়ার করতে পারবেন যেন বিএএসএফের কোনো

প্রশ্ন থাকলে বা প্রয়োজন হলে আপনার সাথে যোগাযোগ করতে পারে। বিএসএসএফ অথবা হটলাইনের বাহ্যিক সরবরাহকারী প্রতিষ্ঠান আপনার ই-মেইল আইডি দেখতে পাবে না। এর ফলে আপনার গোপনীয়তা বজায় থাকবে।

কার্যকারিতা পর্যালোচনা

আমরা প্রয়োজন অনুসারে আমাদের অভিযোগ পদ্ধতির কার্যকারিতা পর্যালোচনা করি। বছরে কমপক্ষে একবার এই কার্যকারিতা পর্যালোচনা করা হয়।

দায়িত্বপ্রাপ্ত বিভাগ

হটলাইনের অভ্যন্তরীণ দায়িত্ব বিএসএসএফের কর্পোরেট কমপ্লায়েন্স (compliance@basf.com) বিভাগের উপর ন্যস্ত।